# প্রধান উপদেষ্টা ড. ইউনূসের ফোনে নুরের খোঁজ, ঘটনার তদন্তে কঠোর ব্যবস্থা নেওয়ার আশ্বাস



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। শনিবার দুপুরে ফোনে নুরের সঙ্গে কথা বলে তিনি ঘটনার তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। এর আগে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল ও প্রেস সচিব শফিকুল আলম ঢাকা মেডিকেলে নুরকে দেখতে যান।

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের সর্বশেষ শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। শনিবার (৩০ আগস্ট) দুপুর ১টার দিকে ফোনে নুরের সঙ্গে কথা বলেন তিনি। বিষয়টি গণমাধ্যমে নিশ্চিত করেন দলটির উচ্চতর পরিষদ সদস্য ও গণমাধ্যম সমন্বয়ক আবু হানিফ।

আবু হানিফ জানান, ফোনালাপে নুর গতকালের ঘটনার বিস্তারিত বর্ণনা দেন। এসময় প্রধান উপদেষ্টা নুরকে আশ্বস্ত করে বলেন, ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে শুক্রবার রাতে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল এবং প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে নুরুল হক নুরের শারীরিক অবস্থার খোঁজ নেন

LENS ASIA